

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং-৩৬

তারিখ : ০৯ আশ্বিন ১৪২৬
২৪ সেপ্টেম্বর ২০১৯

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

ফার্মাসিউটিক্যালস পণ্য রপ্তানিতে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ৩৩, তারিখ ১১ ডিসেম্বর ২০১৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লিখিত সার্কুলারের সাথে সংযোজিত আবেদন ফরম-ক এর (গ) ও (ঘ) অনুচ্ছেদে রপ্তানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত স্থানীয় ও আমদানিকৃত উপকরণ সংশ্লিষ্ট ঋণপত্র/ব্যাক টু ব্যাক ঋণপত্র/চুক্তিপত্রের কপি দাখিলের নির্দেশনা রয়েছে। ফার্মাসিউটিক্যালস পণ্য উৎপাদন ব্যবস্থাপনা প্রকৃতি বিবেচনায় সরকারি সিদ্ধান্ত অনুযায়ী এ মর্মে অবহিত করা যাচ্ছে যে, সংশ্লিষ্ট রপ্তানির বিপরীতে উৎপাদন পর্যায়ে ব্যবহৃত উপকরণাদির সর্বশেষ আমদানি ইনভয়েস/ঋণপত্র/ব্লকলিস্ট এবং ঔষধ প্রশাসন অধিদপ্তরের অনুমোদিত রিসাইপি/এনেক্সার আবেদনপত্রের সাথে দাখিল করা যাবে এবং তদনুসারে ব্যবহৃত উপকরণাদির মূল্য হিসাবায়নযোগ্য হবে।

৩। এছাড়া ২০১৮-২০১৯ অর্থবছরে উল্লিখিত সার্কুলার জারির তারিখের পূর্ব পর্যন্ত যে সকল রপ্তানিকৃত পণ্যের বিপরীতে ভর্তুকির আবেদন দাখিল করা সম্ভব হয়নি এ সার্কুলার জারির তারিখ হতে ২ (দুই) মাসের মধ্যে ঐ সকল রপ্তানির বিপরীতে আবেদন দাখিল করা যাবে।

৪। ফার্মাসিউটিক্যালস পণ্য খাতে ভর্তুকি পরিশোধের বিষয়ে প্রযোজ্য অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১২৩